# সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়ন সম্পর্কিত সভার কার্যবিবরনী:

সভাপতিঃ- আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক
চেয়ারম্যান ৯নং হামিদপুর ইউপি,
পার্বতীপুর, দিনাজপুর।

স্থানঃ- ইউপি সভা কক্ষ
তারিখঃ- ০৫-১১-২০২৩ খ্রিঃ
সময়ঃ- সকাল ১১.৩০ ঘটিকায়।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন,২০২৩ ও সর্বজনীন পেনশন বিধিমালা,২০২৩ এর আলোকে সর্বজনীন পেনশনের বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন। সভাপতি সাহেব জানান যে, মান্যবর বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর, জেলা প্রশাসক, দিনাজপুর ও উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর মহোদয়গণের নির্দেশনাক্রমে আজকের এই সভার আয়োজন করা হয়েছে। দেশের সর্বস্তরের জনগোষ্ঠিকে একটি টেকসই নিরাপত্তা কাঠামোর আওতায় আনার জন্য সর্বজনীন পেনশন পদ্ধতি প্রবর্তন হয়েছে। এই পদ্ধতির ফলে জনসাধারণের সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে। অত:পর সভাপতি সাহেব সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত সদস্যদের সুচিন্তিত মতামত ও পরামর্শের জন্য আহবান জানান।

**সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-**

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমুহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | অত্র ইউনিয়নে সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের জন্য প্রতিমাসে সমন্বয় সভার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।। | ১। চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউপি |
| ০২ | 'সর্বজনীন পেনশন স্কিম' এর বিষয়ে লিফলেট, ব্যানার, ফেস্টুন, পোষ্টার, মাইকিং ও বর্ণাঢ্য র‌্যালি মাধ্যমে ইউনিয়নে অবস্থিত সকল সরকারি- বেসরকারি প্রতিষ্ঠান ও জনসাধারনের মাঝে ব্যপক প্রচার প্রচারনার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | ১।চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউপি<br>২। ইউপি সদস্য (সকল), গ্রাম পুলিশ (সকল) |
| ০৩ | সহজে চাঁদা প্রদান ও পেনশন সুবিধা ভোগের নিমিত্তে নিকটস্থ তফসিলভূক্ত দুইটি ব্যাংক- ব্যবস্থাপক, সোনালী ব্যাংক ,বড়পুকুরিয়া কয়লা খনি প্রকল্প শাখা ও ম্যানেজার, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, হামিদপুর শাখাকে অবহিতকরণ সহ প্রতিমাসে সভায় আমন্ত্রনের বিষয়ে আলোচনা করা হয়। | ১। চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ।<br>২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক ,বড়পুকুরিয়া কয়লা খনি প্রকল্প শাখা/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, হামিদপুর শাখা |
| ০৪ | জনসাধারণের 'সর্বজনীন পেনশন স্কিম' সম্পর্কে অবগতির জন্য প্রতিটি সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে একটি করে ড্রপডাউন ব্যানার স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | ১। চেয়ারম্যান, ৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ।<br>২। প্রতিষ্ঠান প্রধান(সকল) |
| ০৫ | ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের সেবা বক্সে 'সর্বজনীন পেনশন স্কিম' বিষয়ে সকল তথ্য আপলোড এবং জনসাধারণকে রেজিস্ট্রেশন করার সময় সর্বাত্নক সহযোগিতা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। পরিচালক, ডিজিটাল সেন্টার,৯নং হামিদপুর ইউপি |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নে উপস্থিত সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**(আলহাজ্ব মোঃ রেজওয়ানুল হক)**
চেয়ারম্যান
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং- হামিদপুর ইউপি/২০২৩/২৫ তারিখ: ০৫-১১-২০২৩ ইং

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১। উপজেলা নির্বাহী অফিসার,পার্বতীপুর, দিনাজপুর।
২। জনাব......................................ইউপি সদস্য (সকল)।
৩। ব্যবস্থাপক, ব্যবস্থাপক, সোনালী ব্যাংক ,বড়পুকুরিয়া কয়লা খনি প্রকল্প শাখা/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, হামিদপুর শাখা
৪। জনাব........................................প্রতিষ্ঠান প্রধান(সকল)।
৫। উদ্যোক্তা ৯নং হামিদপুর ইউপি, পার্বতীপুর, দিনাজপুর। ওয়েব পোর্টালে আপলোডের জন্য।
৬। অফিস কপি।

(চেয়ারম্যান)
৯নং হামিদপুর ইউনিয়ন পরিষদ
পার্বতীপুর, দিনাজপুর।